**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্লিপি হলো এবং কর্নওয়ালকে NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডের মিড হাডসন বিজয়ী হিসেবে ঘোষণা করলেন

***স্লিপি হলো গ্রাম এবং কর্নওয়াল টাউন 4.5 মিলিয়ন মার্কিন ডলার পাবে***

***নতুন 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি নিউ ইয়র্কের ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থনে সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের গতিবেগের উপর ভিত্তি করে গঠিত হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যেNY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডের মিড হাডসন অঞ্চল থেকে বিজয়ী হিসেবে স্লিপি হলো গ্রাম (Village of Sleepy Hollow) ও কর্নওয়াল টাউন (Town of Cornwall) ও কর্নওয়াল-অন-হাডসন গ্রাম (Village of Cornwall-on-Hudson) উভয়েই 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে। স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) গতিবেগের উপর ভিত্তি করে গঠিত 100 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক ফরোয়ার্ড (NY Forward) কর্মসূচিটি ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থন করার জন্য DRI এর মতো একই "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করে। NY ফরোয়ার্ড রাউন্ড এক চলাকালে স্টেটের দশটি অর্থনৈতিক অঞ্চলের প্রতিটির ক্ষুদ্রতর সম্প্রদায়সমূহে বিকাশ সমর্থনে এবং তাদের ডাউনটাউন পুনরুজ্জীবনের একটি পরিকল্পনা বাস্তবায়নে দুই থেকে তিনটি অনুদান প্রদান করা হবে। অর্থবছর 24 এর নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল NY ফরোয়ার্ডের অতিরিক্ত একটি রাউন্ডের অর্থায়নের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা প্রদান করেছেন।

"আমাদের NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের জন্য আরো ভালো একটি ভবিষ্যৎ গঠন করতে আমরা আমাদের স্টেটের ছোট টাউন ও শহরকে সাহায্য করছি," **গভর্নর হোকল বলেন।** "ডাউনটাউন বিকাশ, বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য জীবনযাত্রার মান উন্নয়ন, এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি ও অঞ্চলজুড়ে অর্থনৈতিক সুযোগ সম্প্রসারিত করার জন্য ব্যবসাসমূহকে আকৃষ্ট করতে এই অর্থ স্লিপি হলো গ্রাম এবং কর্নওয়াল টাউন ও কর্নওয়াল-অন-হাডসন গ্রামকে সাহায্য করবে।"

NY ফরোয়ার্ড স্টেটের অর্থনৈতিক বিকাশ পলিসির একটি কেন্দ্রীয় উপাদান যা নিউ ইয়র্কের ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে DRI এর সাথে একত্রে কাজ করে।কর্মসূচিটি এমন ক্ষুদ্রতর সম্প্রদায়ের জন্য কাজ করে যাদের ঐতিহাসিক চরিত্র তাদেরকে সাধারণত DRI এর মাধ্যমে তহবিল পাওয়া বৃহত্তর, আরো শহুরে কেন্দ্রীয় ব্যবসা জেলার থেকে পৃথক করে। NY ফরোয়ার্ড কর্মসূচির আওতাভুক্ত কমিউনিটিগুলো হেঁটে চলাচলের উপযুক্ত, অপেক্ষাকৃত কম ঘনবসতিপূর্ণ এলাকা যেগুলো সংলগ্ন স্থানীয় কমিউনিটিকে সেবা প্রদান করে, এবং অধিকতর স্থানীয় প্রকৃতির - যেগুলো আশেপাশের এলাকার আবাসিক বা গ্রামীণ কৃষিকেন্দ্রিক উন্নয়নের প্রতি জোর দেয়।

DRI-এর মতো, প্রতিটি NY ফরোয়ার্ড সম্প্রদায় একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরি করবে যাতে সহজেই বাস্তবায়নযোগ্য প্রকল্পগুলির সংগ্রহের মাধ্যমে তার শহরতলিকে পুনরুজ্জীবিত করা যায়। NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে স্টেট বিভাগ (Department of State) অপেক্ষাকৃত কম সক্ষমতাসহ ক্ষুদ্রতর সম্প্রদায়গুলিকে আরো ভালোভাবে সমর্থন করার জন্য তাদের উন্নত কারিগরি সহায়তা প্রদান করবে এবং প্রত্যেক সম্প্রদায়ের আকারের উপর ভিত্তি করে যথাযথ প্রকল্পসমূহের অর্থায়ন করবে। প্রকল্পসমূহের মধ্যে ভবন সংস্কার ও পুনর্গঠন, নতুন বা উন্নত সরকারি স্থান নতুন করে নির্মাণ বা তৈরি করা এবং ছোট শহরের আকর্ষণকে বৃদ্ধি করে এমন বিশেষ সাংস্কৃতিক, ঐতিহাসিক গুণকে উঠিত করে এমন অন্যান্য প্রকল্প।

**স্লিপি হলো**

স্লিপি হলো গ্রামটি লিজেন্ড অফ স্লিপি হলো গল্পকে কেন্দ্র করে এর সাহিত্যিক খ্যাতির জন্য পরিচিত। স্লিপি হলোর ডাউনটাউন রয়েছে ঘনবসতি, মিশ্র ব্যবহারের বাণিজ্যিক করিডোর যেখানকার ভবনগুলি মূলত উনবিংশ শতাব্দীর শেষার্ধে নির্মিত হয়েছে এবং যেখানে উল্লেখযোগ্য একাধিক ধরনের অ্যাক্সেস ও একটি বলীয়ান পর্যটন শিল্পখাত রয়েছে। গ্রামটিতে এর প্রতিবেশী সম্প্রদায়ের সাথে মিলে একটি প্রাণবন্ত ফার্মার্স মার্কেট, ট্যারিটাউন ও স্লিপি হলো ফার্মার্স মার্কেট, আছে, যেটি আমেরিকার প্রিয় ফার্মার্স মার্কেটের খেতাব পাওয়ার জন্য ভোট পেয়ে ফাইনালিস্ট হয়েছে এবং এটি নিউ ইয়র্ক স্টেটের শীর্ষ পাঁচটি ফার্মার্স মার্কেটের তালিকায় স্থান করে নিয়েছে। এছাড়াও স্লিপি হলোতে অন্যান্য খাদ্য বিকল্পের একটি সম্ভারও রয়েছে, এবং ক্ষুদ্রতর খামার-থেকে-টেবিলে এবং আর্টিসানাল রেস্টুরেন্টগুলি অবস্থান হিসেবে গ্রামটিকে বেছে নিয়েছে। স্লিপি হলোর ডাউনটাউন দুইটি বহুল ব্যবহৃত পাবলিক পার্ক দ্বারা বেষ্টিত, রেভারেন্ড স্কাইজ পার্ক এবং বার্নহার্ট পার্ক, এবং এখানে হাডসন নদীর অসাধারণ কিছু দৃশ্য রয়েছে।

স্লিপি হলো সম্প্রতি বড় প্রতিষ্ঠান ও ব্যবসার দ্বারা পুনরায় বিনিয়োগ পেয়েছে, যার মধ্যে আছে আঞ্চলিক স্বাস্থ্য কেন্দ্র ও রিজেনেরন ফার্মাসিউটিক্যালস, একইসাথে রয়েছে প্রায় 3,000 নতুন বাসিন্দাদের জন্য আবাসিক ইউনিট তৈরি করার জন্য উল্লেখযোগ্য বেসরকারি বিনিয়োগ। এই বিনিয়োগ দ্বারা পাওয়া সুযোগগুলির সদ্ব্যবহার করার জন্য স্লিপি হলো অনন্য প্লেসমেকিং উপাদানসহ আরো আকর্ষণীয় ও নিরাপদ সড়ক তৈরি, খালি ও স্বল্পব্যবহৃত লট পুনর্গঠন করতে এবং একাধিক মূল্যসীমার আবাসন যোগ করতে চায়, যা গ্রামটিকে আরেকবার সমৃদ্ধশালী হতে দিবে।

**কর্নওয়াল এবং কর্নওয়াল-অন-হাডসন**

কর্নওয়াল টাউন কর্নওয়াল-অন-হাডসনকে পরিবেষ্টিত করে রাখে এবং অন্তর্ভুক্ত করে, এবং উভয় হাডসন নদীর তীরে অবস্থিত, হাডসন হাইল্যান্ডস এবং স্টর্ম কিং মাউন্টেন পাহাড়ের মধ্যে আশ্রয় নিয়ে আছে। কর্নওয়াল টাউন এবং কর্নওয়াল-অন-হাডসন গ্রাম উভয়ের অনন্য, হাঁটার উপযুক্ত ডাউনটাউন এলাকা রয়েছে যাদের মধ্যে দুই মাইল দূরত্বও নেই এবং যা পাবলিক স্পেস ও প্রতিষ্ঠানের একটি বৈচিত্র্য, যেমন কর্নওয়ালের একমাত্র তাজা খাবারের বাজার ডিসিকো ফ্যামিলি মার্কেট, এবং কর্নওয়াল ফার্মার্স মার্কেট ও টাউনের সামার মিউজিক ইন দ্য পার্ক সিরিজের আয়োজক রিভারলাইট পার্ক, তাদের দ্বারা নোঙ্গর করা আছে। কর্নওয়ালের মধ্যে ও এর আশেপাশে অত্যাবশ্যকীয় সম্প্রদায় ও আঞ্চলিক সম্পদ আছে যা প্রতি বছর কয়েক লক্ষ দর্শককে আকৃষ্ট করে, যেমন স্টর্ম কিং স্টেট পার্ক (Storm King State Park), স্টর্ম কিং আর্ট সেন্টার (Storm King Art Center), হাডসন হাইল্যান্ডস প্রকৃতি জাদুঘর (Hudson Highlands Nature Museum), মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়েস্ট পয়েন্ট মিলিটারি একাডেমি (United States Military Academy at West Point), ব্রাদারহুড ওয়াইনারি (Brotherhood Winery), উডবারি কমন্স (Woodbury Common) ইত্যাদি।

আংশিকভাবে এই নিকটবর্তী সম্পদগুলির কারণে কর্নওয়ালে সম্প্রতি বিগত বছরগুলিতে দর্শনার্থীদের অন্তঃপ্রবাহ দেখা দিয়েছে। টাউন এবং গ্রামটি এমন পুনরুজ্জীবনের পরিকল্পনা ও বিনিয়োগ করছে যা এই ডাউনটাউনগুলিকে আকর্ষণে পরিপূর্ণ একটি অনন্য গন্তব্য এলাকা বানাবে এবং একইসাথে এই সম্প্রদায়ের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে। এই অগ্রগতি আরো অগ্রসর করতে কর্নওয়াল টাউন এবং কর্নওয়াল-অন-হাডসন গ্রাম তাদের ডাউনটাউন দুইটিকে সংযুক্ত করতে চায়, যা প্লেসমেকিং ও পাবলিক স্পেস উন্নত করবে এবং এলাকাজুড়ে স্বল্পব্যবহৃত ভবন ও সাইটকে পুনর্জীবিত করবে।

**স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "NY ফরোয়ার্ডের লক্ষ্য হলো ক্ষুদ্রতর ডাউনটাউনসমূহ যাতে এটি নিশ্চিত করতে সাহায্য করা যায় যে আকার বা চরিত্র নির্বিশেষে কোনও সম্প্রদায় যাতে নিউ ইয়র্কের ডাউনটাউন রেনেসাঁ থেকে বাদ না পড়ে। দৃষ্টিনন্দন হাডসন নদী সংলগ্ন কৌশলগত অবস্থান ও অনন্য পাবলিক স্পেস ও আকর্ষণের বৈচিত্র্য নিয়ে স্লিপি হলো ও কর্নওয়াল অর্থনৈতিক পুনরুত্থানের জন্য যথাস্থানে রয়েছে, এবং এই NY ফরোয়ার্ড তহবিল এইসব সম্প্রদায়কে তাদের ভিশন বাস্তবায়ন করতে সাহায্য করবে। স্লিপি হলো, কর্নওয়াল ও সম্পূর্ণ মিড হাডসন অঞ্চলের জন্য ভবিষ্যৎ কী নিয়ে আসে তা দেখার জন্য আমি উন্মুখ।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "অর্থনৈতিক বিকাশের জন্য DRI থেকে নির্দেশনা নিয়ে NY ফরোয়ার্ডের কেন্দ্রীভূত অগ্রসরের লক্ষ্য হলো স্টেটজুড়ে ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের ডাউনটাউন পুনর্জীবিত করা। প্রথম রাউন্ডে অর্থ প্রদান করা হবে স্লিপি হলো গ্রাম এবং কর্নওয়াল টাউনকে যাতে শিল্প, ইতিহাস ও প্রাকৃতিক সৌন্দর্যের এই কেন্দ্রগুলিকে আরো উত্থিত করা যায়, জীবনযাত্রার মান উন্নত করা যায় এবং পর্যটন অর্থনীতিকে বলীয়ান করা যায়।"

**হোমস এবং কমিউনিটি রিনিউয়্যালের (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "গভর্নরের 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডের মাধ্যমে অগ্রসর হতে সাহায্য পাওয়া এই বিনিয়োগ কী পরিবর্তন আনবে তা দেখতে আমরা আগ্রহী। স্লিপি হলো গ্রামটি ইতিমধ্যেই ওয়াশিংটন আরভিংয়ের গল্প এবং এর দারুণ ফার্মার্স মার্কেটের পটভূমি হিসেবে এর ভূমিকার জন্য সুপরিচিত, তাই এটি আরো সামগ্রিক ও নতুনভাবে বলীয়ান হওয়া একটি ডাউনটাউন তৈরি করতে পারবে যা আরো ভালো হেঁটে চলার ট্র্যাফিককে এবং খালি বা স্বল্পব্যবহৃত সম্পত্তিগুলির পুনর্ব্যবহার করে নতুন আবাসন ও ব্যবসা তৈরিতে উৎসাহিত করবে। কর্নওয়াল এবং কর্নওয়াল-অন-হাডসনের নিজেদের নিজস্ব ডাউনটাউনের আকর্ষণ বৃদ্ধি করার, পাবলিক স্পেস উন্নত করার এবং এবং ভগ্নপ্রায় সম্পত্তির সংস্কার বা পুনর্গঠন করার পরিকল্পনা রয়েছে। এখন এই পরিকল্পনাগুলি বাস্তব হতে পারবে।"

**মিড হাডসন আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Mid-Hudson Regional Economic Development Council, MHREDC) সহপ্রধানগণ, ওয়েস্টচেস্টার ব্যবসা পরিষদের (The Business Council of Westchester) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ মার্শা গর্ডন এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) অরেঞ্জের প্রেসিডেন্ট ক্রিস্টিনা ইয়ং বলেন,** "NY ফরোয়ার্ড প্রাপক হিসেবে নির্বাচিত হওয়ার জন্য স্লিপি হলো এবং কর্নওয়ালকে পরিষদের পক্ষ থেকে অভিনন্দন। এই কর্মসূচির মাধ্যমে প্রদত্ত এই তহবিল এই সম্প্রদায়গুলিকে এমন পুনরুজ্জীবিত প্রকল্প অগ্রসর করতে সাহায্য করবে যা নতুন বিনিয়োগ এবং নতুন আঞ্চলিক অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উৎসাহিত করবে।"

**স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন,** "কর্নওয়ালের একটি দারুণ হাডসন ভ্যালি ডাউনটাউন হয়ে উঠার সকল সম্ভাবনা রয়েছে: হাঁটার উপযোগী, নদী এবং ঘরের বাইরের অনেক বিনোদন সহজে পাওয়ার সুযোগ, স্বাস্থ্যকর একটি ব্যবসায়িক সম্প্রদায়, ভালো স্কুল এবং সাংস্কৃতিক রত্নের নিকটবর্তিতা। কর্নওয়ালের একজন বাসিন্দা হিসেবে আমি জানি যে টাউন এবং গ্রামটি নিজেদের পূর্ণ সম্ভাবনা অর্জনের কতটা কাছে আছে। সফল ও টেকসই একই ভবিষ্যতের দিকে একটি অগ্রগামী পথ তৈরি করতে আমাদের সম্প্রদায়ের যা প্রয়োজন ছিলো, NY ফরোয়ার্ড তহবিল ঠিক তাই।"

**অ্যাসেম্বলি সদস্য ম্যারিজেন শিমস্কি বলেন,** "স্লিপি হলো বড় একটি রূপান্তরের মধ্যে থাকা ছোট একটি গ্রাম। ওয়াটারফ্রন্টে প্রায় 3,000 আবাসন যোগ করার মাধ্যমে গ্রামের বর্ধিষ্ণু ডাউনটাউন করিডোরের পুনরুজ্জীবন করা হলো সম্প্রদায়ের সাফল্যের চাবিকাঠি। এই NY ফরোয়ার্ড অর্থ স্লিপি হলোর মানুষের জন্য একটি সমৃদ্ধশালী ভ্যাস জেলা নিশ্চিত করবে যা গ্রামটির ঐতিহাসিক লিগেসিকে উদযাপন করে। স্লিপি হলোতে বিনিয়োগ করার মূল্য অনুধাবন করার জন্য আমি গভর্নর হোকল ও NY ফরোয়ার্ডকে ধন্যবাদ জানাচ্ছি।"

**অ্যাসেম্বলি সদস্য ক্রিস ইকাস বলেন,** "কর্নওয়াল টাউন এবং কর্নওয়াল-অন-হাডসন গ্রামটি অনেকগুলি স্থানীয় আকর্ষণের নিকটবর্তী, যার মধ্যে আছে স্টর্ম কিং আর্ট সেন্টার, উডবারি কমন্স, এবং ব্রাদারহুড ওয়াইনারি। যার ফলে এমন একটি এলাকার তৈরি হয়েছে যেখানে

বিকাশমান পর্যটন রয়েছে এবং তার জন্য মানানসই একটি বিকাশমান ডাউনটাউনের প্রয়োজন রয়েছে। সময়ের এই চাহিদা পূরণের জন্য প্রস্তাবিত 4.5 মিলিয়ন মার্কিন ডলার পাওয়ার এর থেকে ভালো সময় হতে পারতো না। দারুণ এই সম্ভাবনা সনাক্ত করার জন্য এবং হাডসন ভ্যালির সমর্থনে তার সাহসী পদক্ষেপের জন্য গভর্নরের প্রশংসা করতেই হচ্ছে।"

**স্লিপি হলো মেয়র কেনিথ রে বলেন,** "NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসাবে 4.5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান পেয়ে আমরা অত্যন্ত উৎফুল্ল। স্লিপি হলো অর্থনৈতিক বিকাশ বৃদ্ধি করা এবং পাশাপাশি সাশ্রয়ী আবাসনের মজুদ বৃদ্ধি করার ব্যাপারে স্লিপি হলোর উল্লেখযোগ্য অর্জন অনুধাবন করার জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি। অনুদানটি আমাদেরকে আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবিত করতে দেয় যাতে এটি দূর দূরান্তের দর্শনার্থীর জন্য একটি আঞ্চলিক আকর্ষণ হয়ে উঠতে পারে এবং ফলস্বরূপ আমাদের সকল বাসিন্দার অতি প্রিয় আমাদের বহু ক্ষুদ্র ব্যবসার জন্য একটি ভিত্তি গঠন করে দেয়।"

**কর্নওয়াল টাউনের সুপারভাইজার জশ ওয়োজেহোস্কি বলেন,** "কর্নওয়াল একাধিক বছর ধরে এর মেইন স্ট্রিট এবং ডাউনটাউন এলাকাসমূহের পুনরুজ্জীবনে কাজ করে যাচ্ছে যাতে আমাদের ট্রেইলে হাইক করা, নদীতে নৌকা চালানো এবং বিশ্ববিখ্যাত প্রতিষ্ঠানসমূহে বেড়াতে আসা দর্শনার্থীদের কাজে লাগানো যায়। পথচারীবান্ধব প্রকল্প, পাবলিক অর্থের ব্যবহার, অতিরিক্ত খোলা স্থান তৈরি ও অন্যান্য সুযোগ সুবিধার মাধ্যমে ডাউনটাউন দুইটিকে জোড়া দিতে আমাদের সম্প্রদায়কে এই প্রয়াসগুলিকে পরবর্তী পর্যায়ে নিয়ে যেতে NY ফরোয়ার্ড অনুদানটি সাহায্য করবে।"

**কর্নওয়াল-অন-হাডসনের মেয়র জেমস গ্যাগলিয়ানো বলেন,** "নিউ ইয়র্কের কর্নওয়াল-অন-হাডসন গ্রামটি আমাদের ঘনিষ্ঠ প্রতিবেশী, কর্নওয়াল টাউনের সাতে অংশীদারিত্ব করতে পেরে এবং আমরা একটি নিউ ইয়র্ক ফরোয়ার্ড অনুদান পাওয়ার জন্য নির্বাচিত হয়েছি এই খবরটি গভর্নরের অফিস থেকে পেয়ে সম্মানিত ও খুশি হয়েছি। হাঁটার জন্য আরো উপযুক্ত করা, সংযোগ ও আমাদের যৌথ ডাউনটাউন ব্যবসা জেলাগুলিকে উন্নত করার আমাদের বিস্তারিত, গঠনমূলক, এবং বাস্তবসম্মত পরিকল্পনাটি এই অনুদান দ্বারা ব্যাপকভাবে উপকৃত হবে। স্টেটজুড়ে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের জন্য উৎসাহ ও সমর্থনের মাধ্যমে গভর্নর হোকলের নেতৃত্ব ও প্রতিশ্রুতি লভ্যাংশ নিয়ে আসছে। এই আমাদের সম্প্রদায়ের জন্য সত্যিকারের পার্থক্য গড়ে দিবে।"

মিড হাডসন আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তাবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং এই সম্প্রদায়গুলিকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের নির্ণায়কগুলি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত;
- ডাউনটাউনটিকে আগাম মূলধন হিসাবে বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগের অনুঘটক হিসাবে কাজে লাগানো যেতে পারে;

- শহরতলির ভিতরে বা কাছাকাছি সাম্প্রতিক বা আসন্ন কাজের বৃদ্ধি যা শ্রমিকদের আকৃষ্ট করতে পারে, পুনঃউন্নয়নে সহায়তা করতে পারে এবং বৃদ্ধিকে টেকসই করতে পারে;
- ডাউনটাউনটি বৈচিত্র্যময় মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি;
- পৌরসভা এমন নীতি তৈরি এবং বাস্তবায়ন করার ক্ষমতাধরে বা রাখে যা জীবনযাত্রা এবং জীবনযাত্রার মান বৃদ্ধি করে;
- পৌরসভা একটি কৌশলগত বিনিয়োগের পরিকল্পনায় অন্তর্ভুক্ত হতে পারে এমন শহরতলির পুনরুজ্জীবনের জন্য প্রকল্প এবং উদ্যোগের একটি প্রাথমিক তালিকা তৈরি করার জন্য উন্মুক্ত এবং শক্তিশালী সম্প্রদায়ের সম্পৃক্ততার পরিচালনা করেছে;
- পৌরসভা NY ফরওয়ার্ড তহবিলের একটি আধান দিয়ে নিকট-মেয়াদী বাস্তবায়নের জন্য প্রস্তুত রূপান্তরমূলক প্রকল্পগুলি চিহ্নিত করেছে; এবং
- পুরস্কারপ্রাপ্ত পৌরসভার প্রকল্পগুলির জন্য চুক্তির তদারকি করার ক্ষমতা সহ প্রকল্পগুলির পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিচালনা করার স্থানীয় ক্ষমতা পৌরসভার রয়েছে।

স্লিপি হলো এবং কর্নওয়াল এখন এদের ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি (Local Planning Committee) বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রয়াসের নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগের পরিকল্পনা প্রতিটি সম্প্রদায়ের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত এমন প্রকল্পগুলি সনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ এবং সুযোগগুলি পরীক্ষা করবে। কৌশলগত বিনিয়োগের পরিকল্পনা থেকে নির্বাচিত প্রকল্পগুলির জন্য তহবিল প্রদান করা হবে যেগুলির পুনরুজ্জীবন শুরু করার এবং দীর্ঘমেয়াদী বৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরি করার সর্বাধিক সম্ভাবনা রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418